দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 3 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 5

৩।

18

# একই কম্পিউটারে বাংলা ও ইংরাজী চালুর ব্যবস্থা হচ্ছে

॥ সুনীল ব্যানার্জি ॥

সরকার কম্পিউটারে বাংলা প্রচলনের ব্যবস্থা নিচ্ছে। এই উদ্দেশ্যে কম্পিউটারে বাংলা অক্ষর কিভাবে ব্যবহার করা যায় সেজন্য দেশের কয়েকজন বিশিষ্ট ভাষাবিদ এবং বিদেশের কয়েকজন কম্পিউটার বিশেষজ্ঞের মতামত নেয়া হয়েছে। নির্ভরযোগ্য সূত্রে এ তথ্য জানা গেছে।

সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন আইন পাসের সঙ্গে সঙ্গে সংস্থাপন মন্ত্রণালয় এ উদ্যোগ নিয়েছে। মন্ত্রণালয় এ উদ্দেশ্যে প্রথমে কম্পিউটারে বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত টাস্ক ফোর্স এবং পরে উচ্চ ক্ষমতাসম্পন্ন বাংলা বাস্তবায়ন কমিটি গঠন করে দেয়। কমিটি কম্পিউটারে যুগপত বাংলা ও ইংরেজী ভাষা ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করে। এই উদ্দেশ্যে বাংলা ভাষাবিদ ও কম্পিউটার বিশেষজ্ঞদের মতামত চেয়ে দেশ-বিদেশের পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়। এই বিজ্ঞাপনের প্রেক্ষিতে কম্পিউটারে বাংলা ব্যবহারের ব্যাপারে দেশ-বিদেশ থেকে ১৫টি প্রস্তাব আসে। প্রস্তাবগুলি পরীক্ষা-নীরিক্ষার জন্য কমিটি শীগগীর একটি সভা ডাকার কথা। উক্ত

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ব্যবস্থা হচ্ছে

(প্রথম পৃঃ পর)

সভায় কিভাবে এবং কোন কোন পদ্ধতিতে কম্পিউটারে বাংলা অক্ষর ব্যবহার করা হবে তা ঠিক হবে।

জানা গেছে যে জাতীয় কম্পিউটার কমিটি এরই মধ্যে দেশে ব্যাপক ভিত্তিতে কম্পিউটার ব্যবস্থা চালু করার জন্য সিঙ্গাপুর মার্কিন যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড ও ভারতসহ কয়েকটি দেশে প্রচলিত কম্পিউটার ব্যবস্থা সম্পর্কে রিপোর্ট সংগ্রহ করেছে। রিপোর্টে কম্পিউটারে একই সঙ্গে একাধিক ভাষা ব্যবহারের সুবিধা ও অসুবিধার কথাও উল্লেখ রয়েছে। পার্শ্ববর্তী একটি দেশে কম্পিউটারে একই সঙ্গে সাতটি ভাষা ব্যবহারের যে সুবিধা হয়েছে তাও রিপোর্টে উল্লেখ করা হয়। এসব রিপোর্ট বিবেচনার পর দেখা যায় কম্পিউটারে একই সঙ্গে বাংলা ও ইংরেজী ব্যবহারে তেমন কোন বাধা হবে বলে মনে হয় না। এর ভিত্তিতে জাতীয় কম্পিউটার বোর্ড কম্পিউটারে বাংলা ভাষার ব্যবহারের জন্য কম্পিউটার আমদানীর সঙ্গে সঙ্গে এর বিশেষজ্ঞ সংগ্রহের কথা চিন্তা-ভাবনা করছে। একই সঙ্গে বিভিন্ন সরকারী আধা-সরকারী ও স্বায়ত্ত-শাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মীদের এ ব্যাপারে প্রশিক্ষণ দেবারও ব্যবস্থা নেয়া হবে।

উল্লেখ্য যে, বর্তমানে কয়েকটি সংবাদপত্রসহ দেশের বেশ কয়েকটি প্রতিষ্ঠানে বাংলা কম্পিউটার ব্যবস্থা চালু রয়েছে।